

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ/২৫ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২১.২৮-২- দেশের তথ্য-প্রযুক্তি ক্ষেত্রে সুসংহত অবস্থান নিশ্চিতকরণ ও সুদূরপ্রসারী উদ্যোগ গ্রহণের স্বীকৃতিস্বরূপ ওয়ার্ল্ড কংগ্রেস অন ইনফরমেশন টেকনোলজি প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদকে ‘অ্যাসোসিও লিডারশিপ অ্যাওয়ার্ড-২০২১’-এ ভূষিত করে।

০২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্র ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য পুত্র জনাব সজীব আহমেদ ওয়াজেদ নিজ মেধা, যোগ্যতা ও কর্মের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশের কারিগর হিসাবে আন্তর্জাতিক পরিসরে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করেছেন।

০৩। ‘অ্যাসোসিও লিডারশিপ অ্যাওয়ার্ড-২০২১’ অর্জনের মাধ্যমে এশিয়া ওশেনিয়া অঞ্চলসহ সারা বিশ্বের কম্পিউটিং সোসাইটি ও শিল্পে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করায় জনাব সজীব আহমেদ ওয়াজেদকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৭ অগ্রহায়ণ ১৪২৮/২২ নভেম্বর ২০২১ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

০৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(১৭৬১৭)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

০৭ অগ্রহায়ণ ১৪২৮

ঢাকা: -----

২২ নভেম্বর ২০২১

দেশের তথ্য-প্রযুক্তি ক্ষেত্রে সুসংহত অবস্থান নিশ্চিতকরণ ও সুদূরপ্রসারী উদ্যোগ গ্রহণের স্বীকৃতিস্বরূপ ওয়ার্ল্ড কংগ্রেস অন ইনফরমেশন টেকনোলজি প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদকে ‘অ্যাসোসিও লিডারশিপ অ্যাওয়ার্ড-২০২১’-এ ভূষিত করে। গত ১২ নভেম্বর ২০২১ তারিখে ঢাকায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক বিশ্ব সম্মেলন ‘ওয়ার্ল্ড কংগ্রেস অন ইনফরমেশন টেকনোলজি’ অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে এশিয়া-ওশেনিয়া অঞ্চলের ২৪টি দেশের সংস্থা অ্যাসোসিও-এর চেয়ারম্যানের পক্ষে বুনরাক সারাকনন্দা কর্তৃক পুরস্কারটি জনাব সজীব আহমেদ ওয়াজেদের পক্ষে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক গ্রহণ করেন। উল্লেখ্য, ১৯৯৭ সালে মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী মাহাতির মোহাম্মদ, ২০০৪ সালে থাইল্যান্ডের প্রধানমন্ত্রী থাকসিন সিনাওয়াত্রা এবং ২০১০ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই পুরস্কারে ভূষিত হন।

জনাব সজীব আহমেদ ওয়াজেদ ২০০৭ সালে সুইজারল্যান্ডের দাভোসে অনুষ্ঠিত ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম ও বাংলাদেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ বিশ্বের ২৫০ জন তরুণ নেতৃত্বের মধ্যে প্রথম বাংলাদেশি হিসাবে নির্বাচিত হন। তিনি আইসিটি উপদেষ্টা হিসাবে মাননীয় প্রধানমন্ত্রীকে মূল্যবান পরামর্শ প্রদানের মাধ্যমে দেশে শক্তিশালী আইটি ইন্ডাস্ট্রি গড়ে তোলা, ই-গভর্ন্যান্স প্রবর্তন ও বৃহৎ জনগোষ্ঠীর জন্য আইটি শিক্ষার সুযোগ সৃষ্টির মাধ্যমে সরকারের ‘রূপকল্প ২০২১’ বাস্তবায়ন তথা ডিজিটাল বিশ্বে বাংলাদেশকে এগিয়ে নেয়ার পথে অগ্রগণ্য ভূমিকা পালন করছেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্র ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য পুত্র জনাব সজীব আহমেদ ওয়াজেদ নিজ মেধা, যোগ্যতা ও কর্মের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশের কারিগর হিসাবে আন্তর্জাতিক পরিমণ্ডলে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করেছেন।

‘অ্যাসোসিও লিডারশিপ অ্যাওয়ার্ড-২০২১’ অর্জনের মাধ্যমে এশিয়া ওশেনিয়া অঞ্চলসহ সারা বিশ্বের কম্পিউটিং সোসাইটি ও শিল্পে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা জনাব সজীব আহমেদ ওয়াজেদকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব) উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd